তারিখ 11 MAY 2017

# আন্তর্জাতিক গার্লস ইন আইসিটি দিবস উদযাপিত

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে মেয়েদের বেশি বেশি করে যুক্ত হওয়ার আহবান জানানোর মাধ্যমে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও গার্লস ইন আইসিটি দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে মেয়েদের জন্য আয়োজিত এই উদ্ভাবনী বুট ক্যাম্পে বক্তারা আশা প্রকাশ করেন একাগ্রতা ও নিষ্ঠার সঙ্গে উদ্ভাবনী ভাবনার বিকাশ ঘটাতে পারলে বাংলাদেশের মেয়েরাও তথ্যপ্রযুক্তিকে নিজেদের মেধার যোগ্য স্বাক্ষর রাখতে পারবে। তবে এজন্য নিজেদের যেমন যোগ্য করে তুলতে হবে তেমনি আধুনিক প্রযুক্তির ব্যবহার ও বিকাশেও অবদান রাখতে হবে। আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) ঘোষিত আন্তর্জাতিক গার্লস ইন আইসিটি দিবস উপলক্ষে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) যৌথভাবে বিসিসির সভাকক্ষে এ বুটক্যাম্পের আয়োজন করে। সারাদেশ থেকে ৬০ জন বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থী ও সদ্য স্নাতক মেয়ে এই বুট ক্যাম্পে অংশ নেয়। সমাপনী অনুষ্ঠানে বিসিসির নির্বাহী পরিচালক স্বপন কুমার সরকার অংশগ্রহণকারীদের অর্জিত জ্ঞান ও দক্ষতা অন্যদের মাঝে ছড়িয়ে দিতে আহবান জানান। তিনি আশা করেন আইসিটিতে নারীদের অংশগ্রহণ যতো বাড়বে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ততোই ত্বরান্বিত হবে। সমাপনী অনুষ্ঠানে বিশিষ্ট জিন বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী বলেন, 'পাটের জিন-নকশা উন্মোচনের মাধ্যমে নতুন এক সম্ভাবনার দ্বার উন্মুক্ত হয়েছে। তথ্যপ্রযুক্তি ও বায়োটেকনোলজিস্টদের এখন সেই সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য যৌথভাবে কাজ করা প্রয়োজন।' এ সময় আরো বক্তব্য রাখেন ডিনেটের নির্বাহী পরিচালক অনন্য রায়হান ও বিসিসির পরিচালক প্রকৌশলী এনামুল কবীর।



এর আগে অংশগ্রহণকারীদের একটি উদ্ভাবনের বিভিন্ন পর্যায় সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ ক্লাউড ক্যাম্পের পরিচালক মাহাদী-উজ-জামান। আয়োজকদের পক্ষে বিডিওএসএনের প্রোগ্রাম অফিসার শারমীন কবীর জানান এই অংশগ্রহণকারীরা আগামী এক বছর তাদের সঙ্গে কাজ করবেন। তাদের দক্ষতা উন্নয়ন ও মেন্টরিং-এ সহায়তা দেবে বিডিওএসএন। উল্লেখ্য, তথ্যপ্রযুক্তি শিক্ষা ও কর্মে নারীদের অংশগ্রহণ বাড়ানোর জন্য আইটিইউ প্রতি বছর এপ্রিলের চতুর্থ বৃহস্পতিবার গার্লস ইন আইসিটি দিবস পালন করে। বাংলাদেশে দিবসের বাইরেও প্রায় একমাস ধরে নানান আয়োজনে গার্লস ইন আইসিটি পালিত হয়েছে বলে আয়োজকরা জানিয়েছে। আয়োজনের মধ্যে রয়েছে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীতে ক্যারিয়ার সেমিনার, সদ্য স্নাতক ও শিক্ষার্থীদের বিভিন্ন আইসিটি কোম্পানি পরিদর্শন, স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য কুইজ ও প্রোগ্রামিং প্রতিযোগিতা, ইন্টার্নশিপ ও প্লেসমেন্টের ব্যবস্থা। এই আয়োজনের প্লাটিনাম স্পন্সর ছিলো আসুস ও গ্লোবাল ব্র্যান্ড, গোল্ড স্পন্সর জেনেক্স এবং সিলভার স্পন্সর ব্র্যাক আইটি সার্ভিসেস লিমিটেড ও জুমশেপার। এছাড়া অংশিদার হিসাবে ছিলো বাইনারী ইমেজ। বাংলাদেশ ওম্যান ইন আইটি-(বিডব্লিউআইটি) সহ-আয়োজক হিসাবে যুক্ত ছিলো। সংবাদ বিজ্ঞপ্তি।